



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস  
মণিরামপুর, যশোর।  
manirampur.useo@gmail.com

স্মারক নং: ৩৭.০২.৪১৬১.০০১.০১.২০২৬/৫৬

তারিখ ২৫ ফাল্গুন-১৪৩২ বঙ্গাব্দ  
১০ মার্চ-২০২৬ খ্রি.

বিষয় : মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন প্রসংগে।

সূত্র : জেলা প্রশাসক, যশোর মহোদয়ের কার্যবিবরণী অনুযায়ী জেলা শিক্ষা অফিসার, যশোর মহোদয়ের মৌখিক নির্দেশ তারিখ: ১০/০৩/২০২৬ ইং মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬ উদযাপন উপলক্ষ্যে আগামী ২৪/০৩/২০২৬ তারিখ মাধ্যমিক স্তরের এবং ২৫/০৩/২০২৬ তারিখ কলেজ স্তরের সকল শিক্ষক, কর্মচারী এবং শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে উপস্থিতি বাধ্যতামূলক করা হয়েছে। ২৪/০৩/২০২৬ তারিখ (মাধ্যমিক স্তর) এবং ২৫/০৩/২০২৬ তারিখ (কলেজ স্তর) শিক্ষা প্রতিষ্ঠানে যেনকল কার্যক্রম আয়োজন করতে হবে-

১. শিক্ষার্থীদের সন্মুখে বীর মুক্তিযোদ্ধার মুখে মুক্তিযুদ্ধের গল্প শোনা
২. রচনা প্রতিযোগিতা (বিষয়: মহান স্বাধীনতা ও জাতীয় দিবস এবং মুক্তিযুদ্ধ)
৩. কুইজ প্রতিযোগিতা (বিষয়: মহান স্বাধীনতা ও জাতীয় দিবস এবং মুক্তিযুদ্ধ)
৪. চিত্রাংকন প্রতিযোগিতা (বিষয়: মহান স্বাধীনতা ও জাতীয় দিবস এবং মুক্তিযুদ্ধ)

প্রতিষ্ঠান প্রধানগণকে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬ উদযাপন উপলক্ষ্যে সকল কার্যক্রম সম্পাদন এবং সকলের উপস্থিতি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- কার্যক্রমগুলির স্থিতিচিত্র উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের ই-মেইলে (manirampur.useo@gmail.com) অনুষ্ঠানের দিন বিকাল ৫.০০টার মধ্যে প্রেরণ করতে হবে।
- হাজিরা খাতা ব্যতিত অন্য রেজিস্টারে সকলের হাজিরা রাখতে হবে।
- জেলা ও উপজেলার পরিদর্শন টিম উক্ত অনুষ্ঠানগুলো পরিদর্শন করবেন।
- বীর মুক্তিযোদ্ধাদের তালিকা যথাসময়ে প্রেরণ করা হবে।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার  
কলেজ, স্কুল ও মাদ্রাসা (সকল)

এস এম সাইফুল আলম  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (অতি:দা:)  
মণিরামপুর, যশোর।

স্মারক নং: ৩৭.০২.৪১৬১.০০১.০১.২০২৬/৫৬(০৫)

তারিখ ২৫ ফাল্গুন-১৪৩২ বঙ্গাব্দ  
১০ মার্চ-২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২. জেলা প্রশাসক, যশোর।
৩. জেলা শিক্ষা অফিসার, যশোর।
৪. উপজেলা নির্বাহী অফিসার, মণিরামপুর, যশোর।
৫. অফিস কপি।

এস এম সাইফুল আলম  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (অতি:দা:)  
মণিরামপুর, যশোর।